ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৪১
আগরতলা, ১৩ আগস্ট, ২০২৫

**স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে যানবাহণ চলাচলে বিধিনিষেধ আরোপ**

আগামী ১৫ আগস্ট আসাম রাইফেলস ময়দানে ৭৯তম স্বাধীনতা দিবস পালনের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ঐদিন সকাল ৮টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা পর্যন্ত যানবাহন চলাচল এবং পথচারীদের স্বাভাবিক চলাচলের জন্য পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে কিছু এলাকায় নো পার্কিং জোন এবং যানবাহন চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন।

বিজ্ঞপ্তিতে জেলাশাসক জানিয়েছেন, নিম্নলিখিত স্থানগুলিতে স্কুলের ছাত্রছাত্রীদের গাড়ি ছাড়া সবধরণের ব্যক্তিগত যানবহন/ বাণিজ্যিক যানবাহন/ দ্বিচক্র যান/ ই-রিক্সা/ রিক্সা এবং ঠেলাগাড়ি চলাচল করতে পারবে না। স্থানগুলি হল গুর্খাবস্তি থেকে দক্ষিণ দিকে, বুদ্ধমন্দির থেকে উত্তর দিকে, মালঞ্চনিবাস থেকে সার্কিটহাউস। এই বিধিনিষেধ সকাল ৮টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা পর্যন্ত জারি থাকবে। উল্লেখিত সময়ে জিবি হাসপাতালগামী রোগী বহনকারী গাড়ি অভয়নগর বাজার, কুমারীটিলা হয়ে জিবি হাসপাতালে যাবে।

বিজ্ঞপ্তিতে পুরনো রাজভবনের প্রধান গেইট থেকে বুদ্ধমন্দির পর্যন্ত রাস্তার দুইপাশ, বুদ্ধমন্দির থেকে পুরনো এমএলএ হোস্টেল পর্যন্ত (কেন্টনমেন্ট রোড) রাস্তার দুইদিক, বুদ্ধমন্দির থেকে অভয়নগর পোষ্ট অফিস পর্যন্ত রাস্তা নোপার্কিং জোন ঘোষনা করা হয়েছে। বিজ্ঞপ্তিতে জেলাশাসক অনুরোধ করেছেন, বিমান যাত্রীগণ যেন দুর্গাচৌমুহনী- বড়জলা রাস্তা (পঞ্চবটী কালিমন্দির হয়ে) ব্যবহার করেন।

*******